চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

নির্বাহী পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫- জুন ৩০, ২০১৬

সূচিপত্র

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড -এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমণিকা (Preamble)...৪

সেকশন ১: কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ৫

সেকশন ২: কোম্পানির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)...৮

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ এবং পরিমাপ পদ্ধতি ৯

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Eastern Lubricants Blenders Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা
সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেডে বিগত ০৩(তিন) বছরে (২০১২-২০১৩ হতে ২০১৪-২০১৫) তিনটি তেল বিপণন কোম্পানী কর্তৃক মোট ৭,১১০ মে.টন লুব্রিকেন্টস ব্লেন্ডিং করা হয়েছে। স্থানীয়ভাবে ব্লেন্ডিংকৃত বিভিন্ন গ্রেডের এ সকল লুব্রিকেন্টস তিনটি তেল বিপণন কোম্পানীর মাধ্যমে জাতীয় গুরুত্বপুর্ন বিভিন্ন সংস্থা, যেমন- বাংলাদেশ প্রতিরক্ষাবাহিনীর সকল ইউনিট, বাংলাদেশ রেলওয়ে, চিনিকলসমুহ, জুটমিল, সারকারখানা, বিভিন্ন শিল্পকারখানায় তাদের চাহিদানুযায়ী সরবরাহ করা হয়। পাশাপাশি, তিনটি তেল বিপণন কোম্পানীর ডিলার, এজেন্ট ও সরাসরি ভোক্তাপর্যায়ে সরবরাহ করা হয়।

বোরো মৌসুমে উত্তরাঞ্চলসহ সারাদেশে বিশেষ করে বিগত জানুয়ারী-মার্চ, ২০১৫ এর স্থিতিশীল সময়ে নিরবিচ্ছিন্নভাবে লুব্রিকেন্টস সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

চাহিদা মোতাবেক মান সম্পন্ন লুব্রিকেন্টস ভোক্তাপর্যায়ে সরবরাহ নিশ্চিত করাই কোম্পানির জন্য বড় চ্যালেঞ্জ। এ ছাড়াও কৃষি সেচ মৌসুমে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব্রিকেন্টস পণ্য সরবরাহ নিশ্চিতকরণ।

ভবিষ্যত পরিকল্পনা :

লুব্রিকেন্টস ব্লেন্ডিং এর পাশাপাশি নিজস্ব অর্থায়নে লুব অয়েলের প্রধান কাঁচামাল, লুব বেইস অয়েল আমদানীপূর্বক লুব অয়েলের মান উন্নীতকরন ও ইএলবিএল কর্তৃক লুব অয়েলের নতুন ব্র্যান্ড তৈরীকরণের পরিকল্পনা রয়েছে। ইএলবিএল এর স্থাপনায় নিজস্ব অর্থায়নে গাড়ীর ব্যাটারী ওয়াটার উৎপাদনের জন্য প্ল্যান্ট নির্মানের পরিকল্পনা রয়েছে।তাছাড়া ইএলবিএল এর বর্তমান স্থাপনার অবকাঠামোগত উন্নয়ন করার মাধ্যমে আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন ফ্রান্স অরিজিন টোটাল ব্র্যান্ডের লুব্রিকেন্টস সামগ্রী বাংলাদেশে ব্লেন্ডিং করার পরিকল্পনা রয়েছে। এছাড়াও জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের ব্যাটারী ইএলবিএল কর্তৃক বিপননের মাধ্যমে উক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিধি বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে এবং ভবিষ্যতে, এলপিজি ও বিটুমিন বিপণনের মাধ্যমে ব্যবসায়িক বহুমুখিতা বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

২০১৫ - ২০১৬ অর্থ বৎসরের সম্ভাব্য অর্জনসমূহ :

১। ইএলবিএল কর্তৃক দুবাই এর একটি রিফাইনারী হতে সর্বপ্রথম ৫৪০ মেঃটন লুব বেস অয়েল আমদানী করা হয়েছে।

২। জাপানের বিখ্যাত ব্যাটারী নির্মাতা কোম্পানী, জিএস ইউয়াসা হতে ইএলবিএল কর্তৃক বিভিন্ন মডেলের যানবাহনের জন্য উন্নত মানের গাড়ীর ব্যাটারী আমদানী করা হয়েছে, যা ইএলবিএল কর্তৃক সারাদেশে বাজারজাত করার ব্যবস্থা নেয়া হয়েছে।

উপক্রমণিকা

নির্বাহী পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১৫ তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি:

১.১ রূপকল্প (Vision):

দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার নির্ধারিত মূল্যে মানসম্মত লুব অয়েল সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।

দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব অয়েল সরবরাহ জোরদারকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

১. লুব অয়েল পণ্য ক্রয়, মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশে লুব অয়েলের সরবরাহ নিশ্চিতকরণ;
২. লুব অয়েল প্রস্তুতকরণ সংশ্লিষ্ট অবকাঠামোর উন্নয়ন;
৩. বিপণন ও পরিচালন কার্যক্রমের আধুনিকিকরণ;
৪. বাজার চাহিদার সাথে মিল রেখে উদ্ভাবনী ব্যবসা নীতি এবং পণ্যের বহুমুখিতা আনয়ন;
৫. লুব বেইস অয়েল আমদানী, উৎপাদন, পণ্য মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সারাদেশে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিপিসি হতে লুব বেইস অয়েল ক্রয়ের পাশাপাশি, নিজস্ব উদ্যোগে লুব বেইস অয়েল আমদানীকরণ:
২. দেশের সর্বত্র লুব্রিকেন্টস্ সামগ্রীর সুষ্ঠু বিপণন;
৪. দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে লুব্রিকেন্টস সামগ্রীর পর্যাপ্ত মজুদ ও দক্ষ পরিবহণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কোম্পানির কার্যাবলি (Functions):

১. সরকার ও বিপিসি'র নির্দেশনার আলোকে লুব্রিকেন্টস্ সামগ্রী বিপণনের মাধ্যমে সেবা প্রদান করা;
২. আমদানিপূর্বক লুব বেইস অয়েল গ্রহন ও মজুদকরণ:
৩. সারা দেশে নিরবচ্ছিন্নভাবে লুব অয়েল সরবরাহ নিশ্চিত করা;
৪. সারাদেশে লুব অয়েল সরবরাহ জোরদারকরণ;
৫. গ্রাহক পর্যায়ে মানসম্পন্ন লুব অয়েল সরবরাহ করা;
৬. লুব অয়েল মজুদ ক্ষমতা, বিপণন ও সরবরাহ বৃদ্ধি করে দেশে লুব অয়েলের নিরাপত্তা নিশ্চিত করা;
৭. ডিপো/ প্রধান স্থাপনায় বিদ্যমান সুবিধাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা:
৮. বিনিয়োগের উপর যুক্তিসঙ্গত হারে আয় করা;
৯. অর্থনৈতিকভাবে লাভজনক ব্যয় সাশ্রয়ী প্রকল্প গ্রহণ করা;
১০. লুব বেইস অয়েল হ্যান্ডলিং নিরাপদ ও আধুনিকায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে অপারেশনাল ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ এবং পরিচালনগত মানদন্ড হালনাগাদ করা;
১১. কোম্পানির টেকসই উন্নয়নের জন্য কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা হালনাগাদ করা;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ জনবল হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নের পরিকল্পনা প্রণয়ন।

সেকশন ২

কোম্পানির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)

আউটকাম (Outcome)	কর্ম সম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	ভিত্তি বছর ২০১৩-১৪	প্রকৃত অর্জন ২০১৪-১৫	লক্ষ্যমাত্রা ২০১৫-১৬	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কোম্পানি সমূহের নাম	উপাত্তসমূহ (Source of Data)
						২০১৬-১৭	২০১৭-১৮		
বিপণন কোম্পানী হতে প্রাপ্ত বেইস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরন	মাথাপিছু ব্লেন্ডিং এর পরিমান	লিটার	০.০২১	০.০১৩	০.০২৪	০.০২৫	০.০২৬	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিপিসি পরিকল্পনা কমিশন জাতীয় রাজস্ব বোর্ড বিএসইসি, ডিএসই, সিএসই ও আরজেএসসি পে.ট্রোবাংলা চবক বাংলাদেশ রেলওয়ে বি আই ডব্লিউ টি এ বিপিসি'র অন্যান্য অঙ্গ প্রতিষ্ঠানসমূহ	১। কোম্পানির বার্ষিক প্রতিবেদন ২। বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো ওয়েবসাইট

আমি, নির্বাহী পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড, কোম্পানির প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কোম্পানিকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

নির্বাহী পরিচালক
ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড

তারিখ ১৫.১০.২০১৫

১৫.১০.২০১৫

চেয়ারম্যান
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

তারিখ

সংযোজনী-১

শব্দ সংক্ষেপ

(Acronyms)

ক্রমিক নম্বর	শব্দ সংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	বিপিসি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২	মন্ত্রণালয়	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৩	বিভাগ	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪	সংস্থা	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৫	কোম্পানি	ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড
৬	পিওএল	পেট্রোলিয়াম অয়েল লুব্রিক্যান্টস
৭	লক্ষ মে.টন	লক্ষ মেট্রিক টন

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তাবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কোম্পানি এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

ক্রমিক নম্বর	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী কোম্পানী	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
১	বিপিসি হতে লুব বেইস অয়েল ক্রয়	বিপিসি দেশের চাহিদা পূরণের জন্য লুব বেইস অয়েল আমদানি করে।	ইএলবিএল	কোম্পানির বার্ষিক প্রতিবেদন	
২	ইএলবিএল কর্তৃক লুব বেইস অয়েল আমদানী বৃদ্ধিকরণ	দৈনিক চাহিদা পূরণের জন্য লুব অয়েল পর্যাপ্ত পরিমান সরবরাহ অত্যন্ত জরুরি। নিরবচ্ছিন্ন লুব অয়েল সরবরাহের লক্ষ্যে বিদেশ হতে ইএলবিএল কর্তৃক লুব বেইস অয়েল আমদানি বৃদ্ধিকরণ প্রয়োজন।	ইএলবিএল	কোম্পানির বার্ষিক প্রতিবেদন	